

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬০০০

পর্ব-৩০: মান-মর্যাদা (كتاب المناقب)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ - কুরায়শ ও অন্যান্য গোত্রসমূহের গুণাবলি

الْفَصْلُ الثَّنْفُ (بَابُ مَنَاقِبِ قُرَيْشٍ وَذِكْرِ الْقَبَائِلِ)

আরবী

وَعَنْ أُمِّ حَرِيرٍ مَوْلَاةِ طَلْحَةَ بْنِ مَالِكٍ قَالَتْ: سَمِعْتُ مَوْلَايَ يَقُولَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: «مِنْ اقْتِرَابِ السَّاعَةِ هَلَاكُ الْعَرَبِ» رَوَاهُ التِّرْمِذِيُّ

اسناده ضعيف ، رواه الترمذی (3929) * فيه ام محمد بن ابى رزين : لم اجد من

وثقها -

(ضعيف)

বাংলা

৬০০০-[২২] তুলহাহ্ ইবনু মালিক-এর মুক্ত দাসী উম্মু হারীর বলেন, আমি আমার মালিক (তুলহাহ্) কে বলতে শুনেছি, রাসূলুল্লাহ (সা.) বলেছেন: কিয়ামত কাছাকাছি হওয়ার আলামতসমূহের মাঝে একটি হলো 'আরবদের পতন হওয়া। (তিরমিযী)

ফুটনোট

যঈফ: তিরমিযী ৩৯২৯, যঈফুল জামি ১৯৮৯, উম্মু হারীর মাজহুল; যঈফাহ্ ৪৫১৫।

ব্যাখ্যা

ব্যাখ্যা: কিয়ামত নিকটবর্তী হওয়ার 'আলামতসমূহের মধ্যে একটি হলো- 'আরবদের ধ্বংস অর্থাৎ তাদের মুসলিমদের ধ্বংস অথবা এখানে 'আরব জাতিকে বোঝানো হয়েছে। আর এখানে ইঙ্গিত আছে যে, পৃথিবীর অন্যান্যরা তাদের অনুসারী। আর যেহেতু খারাপ মানুষ ছাড়া কিয়ামত কায়ম হবে না। বরং অবস্থা এমন হবে যে,

পৃথিবীতে আল্লাহ তথা লা- ইলা-হা ইল্লাল্লা-হ' বলার মতো কোন লোককে পাওয়া যাবে না। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=85976>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন